

বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

নম্বর ২৪.০৪.০০০০.২০৩.১৯.০২১.১৭- ৪৭২

তারিখ ২০ চৈত্র, ১৪২৩
০৩ এপ্রিল, ২০১৭

বিষয়: দপ্তর আদেশ।

বিজেএমসির নিয়ন্ত্রণাধীন মিলসমূহের অগ্নি নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরনের লক্ষ্যে নিম্নোক্ত সাবধানতামূলক ব্যবস্থাদি গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) মিলে যে কোন সময় শর্ট সার্কিটজনিত বৈদ্যুতিক স্পার্ক এবং জ্যামের কারনে ও মেশিনের মুভিং পার্টসগুলোর ঘর্ষনে সৃষ্ট স্পার্কের জন্য মেশিনে আগুন লেগে যাওয়ার সম্ভবনা থাকে। সুতরাং এ বিষয়ে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে হবে।

খ) অগ্নি দুর্ঘটনা হতে ক্ষয়ক্ষতি ন্যূনতম পর্যায়ে রাখা নিশ্চিত করতে বৈদ্যুতিক স্থাপনা থেকে অন্ততঃ ৩ ফুট দূরে পাট প্রক্রিয়াজাত পণ্য রাখা নিশ্চিত করতে হবে।

গ) মিলে প্রয়োজনীয় সংখ্যক ফায়ার এক্সটিংগুইশার সংগ্রহ এবং উপযুক্ত স্থানে তা স্থাপন করতে হবে। ফায়ার এক্সটিংগুইমার ব্যবহারের উপর মিলের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের বাস্তব প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করতে হবে।

ঘ) অগ্নিজনিত দুর্ঘটনার বিষয়ে সম্ভাব্য পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।



মুহাম্মদ সালেহউদ্দীন
সচিব

ফোন: ৯৫৬০০৯২

ইমেইল: salehbd65@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল। (ই.এম.সি.সি.)

১) সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।

২) মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা, --সংস্থার ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৩) প্রকল্প প্রধান, , বিজেএমসির নিয়ন্ত্রণাধীন সকল মিল-----উপরোক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

৪) চেয়ারম্যান মহোদয়ের উপ-ব্যবস্থাপক,, বিজেএমসি, ঢাকা।

৫) পরিচালক/উপদেষ্টা মহোদয়গণের উপ-ব্যবস্থাপক/সহ-ব্যবস্থাপক/এসিও,, বিজেএমসি, ঢাকা।

৬) সচিব মহোদয়ের সহ-ব্যবস্থাপক,, বিজেএমসি, ঢাকা।

৭) অফিস কপি/, মাষ্টার ফাইল।